জেলাপরিষদ কার্যালয়
চাঁদপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০১.০৭.০৩০.২৩.১১৬ তারিখঃ ০৮/০২/২০২৩খ্রিঃ

এককালীন বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

চাঁদপুর জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে ২০২২--২০২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দের আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে জেলার দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

১। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০২২ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি ও সমমান পরীক্ষায় বিজ্ঞান/বাণিজ্য বিভাগে অতিরিক্ত বিষয়সহ সকল বিষয়ে এ প্লাস জিপিএ-৫ (গোল্ডেন) এবং মানবিক বিভাগে জিপিএ-৫ প্রাপ্ত হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান ও পোষ্য,প্রতিবন্ধী,এতিম প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/এইচএসসি ও সমমান পরীক্ষায় বিজ্ঞান/বাণিজ্য বিভাগে জিপিএ ৪.৭০ এবং মানবিক বিভাগে জিপিএ-৪.৫০ প্রাপ্ত হতে হবে।

২। আবেদনপত্র নিজ হস্তে পূরণ করতে হবে। আবেদনের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মার্কশীট এর সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত), স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগিরিকত্ত্বের সনদপত্র দাখিল করতে হবে।

৩। মুক্তিযোদ্ধার সন্তান ও পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের স্বপক্ষে গেজেটের কপি/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সদ্য ইস্যুকৃত ডিজিটাল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং পৌরসভার মেয়র ও ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক প্রত্যায়নপত্র লাগবে। প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসারের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৪। বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ কার্যালয়সহ জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। ফরমের ফটোকপিও গ্রহণযোগ্য। তাছাড়া জেলা পরিষদের ওয়েবসাইড (zp.chandpur.gov.bd) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

৫। বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ২৮/০২/২০২৩ তারিখ (অফিস চলাকালীন সময়) মধ্যে চাঁদপুর জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। তাছাড়া নির্ধারিত তারিখের মধ্যে জেলা পরিষদের ই-মেইলে zpchandpurzp@gmail.com এ আবেদনপত্র সংশ্লিষ্ট কাগজাদী স্ক্যান করে প্রেরণ করা যাবে। এ ক্ষেত্রে বৃত্তি গ্রহণের জন্য মনোনীত হলে মূল কাগজপত্র বৃত্তির চেক গ্রহণের জন্য নির্ধারিত তারিখের পূর্বেই জেলা পরিষদে জমা দিতে হবে। ডাক মারফত প্রেরিত আবেদনও ধার্য্য তারিখ ও সময়ের মধ্যে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র বৃত্তির জন্য গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৬। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। প্রয়োজনীয় বিস্তারিত তথ্যের জন্য জেলা পরিষদ, চাঁদপুর কার্যালয়/জেলা পরিষদের ওয়েবসাইড zp.chandpur.gov.bd থেকে জানা যাবে।

৮। কর্তৃপক্ষ যে কোনো শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোহাম্মদ মিজানুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।
ফোন নং- ৮৮০-২৩৩৪৪৮৫৪৯৯।
e-mail: zpchandpurzp@gmail.com

স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০১.০৭.০৩০.২৩.১১৬ তারিখঃ ০৮/০২/২০২৩ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশানার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চাঁদপুর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ .... (সকল)।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ... (সকল), চাঁদপুর।
৭। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর (জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। সম্পাদক, চাঁদপুর প্রবাহ (৮ ইঞ্চি x ৩ কলাম) একদিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

জেলাপরিষদ কার্যালয়
চাঁদপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ছবি ১ কপি পিপি সাইজ
(সংযুক্ত করতে হবে)

বরারব
চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলাপরিষদ, চাঁদপুর।

বিষয়ঃ চাঁদপুর জেলাপরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের ছাত্র বৃত্তির আবেদন।

মহোদয়,

পত্রিকায় বিজ্ঞপ্তি মাধ্যমে জানতে পারলাম যে, ২০২২-২০২৩ অর্থ বছরে চাঁদপুর জেলাপরিষদ থেকে ছাত্র বৃত্তি প্রদান করা হবে। চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে উক্ত বৃত্তি পাওয়ার জন্য আবেদন জানাচ্ছি। নিম্নে আমার বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

১। নাম ঃ..

২। পিতার নাম ঃ...

৩। মাতার নাম ঃ ....

৪। স্থায়ী ঠিকানা ঃ..

গ্রাম ঃ...............................ডাকঘর ঃ......................উপজেলা ঃ................................জেলা ঃ..............................

৫। যোগাযোগ ঠিকানা (বর্তমান ঠিকানা) ঃ...

গ্রাম/মহল্লা ঃ..............................ডাকঘর ঃ......................উপজেলা ঃ................................জেলা ঃ............................

৬। প্রার্থী/অভিভাবকের টেলিফোন/মোবাইল নং...

৭। বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ...

৮। পরীক্ষার তথ্যাদি ঃ তবে জেলা পরিষদ থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি, শর্ত অনুযায়ী জিপিএ হতে হবে এবং তিনিই আবেদন করার যোগ্য হবেন।

ক্রমিক নং	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রাপ্ত ফলাফল ও পরীক্ষার সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়
০১	এসএসসি/সমমান		/২০২২	
০২	এইচ এস সি/সমমান		/ ২০২২	

৯। পাশকৃত প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষরসহ সুপারিশ (প্রতিষ্ঠানের সীলসহ) ঃ...

১০। মুক্তিযোদ্ধার সন্তান /পোষ্য বা প্রতিবন্ধি,এতিম কিনা ঃ .... ।(স্বপক্ষে চাহিত কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে)।

আমি প্রতিজ্ঞাপূর্বক বলছি যে, উপরিউক্ত বিররণাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং কোন বিষয়ে অসত্য প্রমাণিত হলে প্রাপ্ত বৃত্তির টাকা ফেরত দিতে বাধ্য থাকবো।

বিঃদ্রঃ-বাছাইয়ের পর যোগ্য আবেদনকারীদের বর্তমান যোগাযোগের ঠিকানায় পত্র প্রেরণ করা হবে।

তারিখ................................

....
আবেদনকারীর স্বাক্ষর